

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব এ.টি.এম. মোস্তফা কামাল অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২ অনুবিভাগ) ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সভার তারিখ	: ২২ জুন, ২০২৩ খ্রি:
সময়	: বেলা ৩.০০ ঘটিকা
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভা কক্ষ (ভার্চুয়াল সভা)

সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন মন্ত্রণালয় হতে মাঠ পর্যায় পর্যন্ত প্রতিটি দপ্তর বা ইউনিটের স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযথভাবে প্রণয়ন, প্রদর্শন, নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের কার্যক্রমটি অন্তর্ভুক্ত আছে। সভাপতি এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরীক্ষক কমিটির সদস্য ও উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১) দপ্তর/সংস্থার স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির যাচাইকৃত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। প্রতিটি দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত ছকে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও আপলোড করেছে। তবে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহে কোন কোন দপ্তর/সংস্থা 'প্রদত্ত সেবার নাম' কলামে রুটিন কাজকে সেবা হিসেবে অন্তর্ভুক্ত করা, 'সেবা প্রদান পদ্ধতি' কলামে পদ্ধতি সঠিকভাবে লিপিবদ্ধ না করা, 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান' কলামে প্রয়োজনীয় কাগজপত্রের উল্লেখ না করা বা বিস্তারিতভাবে লিপিবদ্ধ না করা হয়নি। তাছাড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কারো কোন মতামত বা সুপারিশ বা অভিযোগ আছে কিনা তা জানতে চাওয়া হয়। দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত রুটিন কাজসমূহ (লিফলেট/পুস্তিকা বিতরণ, তথ্য অবমুক্তকরণ, শিক্ষা প্রতিষ্ঠান ও প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন, আপিল, মামলা সংক্রান্ত কার্যক্রম, আইন/বিধিমালা বিষয়ে মতামত, অডিট আপত্তি সংক্রান্ত, পরিচালনা বোর্ড সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন, সমঝোতা স্মারক, ইন্টারশিপ ও ফিল্ড ভিজিট, কর্মকর্তা/কর্মচারি নিয়োগ, আমদানি নীতি আদেশ প্রণয়নে সহায়তা, কারিগরী সহায়তা ও মতামত প্রদান, বিভিন্ন পরিকল্পনা প্রণয়নে মতামত, উন্নয়ন প্রকল্পের বিষয়ে মতামত, আয়ন-ব্যয়ন ক্ষমতা প্রদান, পুন: উপযোজন বরাদ্দ প্রস্তাব, পানির ফিল্টার সরবরাহ ও মেরামত, আসবাবপত্র সরবরাহ ও মেরামত, টিওএন্ডই ভুক্তকরণ, রপ্তানি সংক্রান্ত যোগাযোগ ও মতামত, খামারের কর্মপরিকল্পনা অনুমোদন, আইসিটি কারিগরী সহায়তা ও রক্ষণাবেক্ষণ, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ আয়োজন, বিল নার্সারি স্থাপন ও পোনা অবমুক্তি, কর্মকর্তা/কর্মচারিগণের জ্যেষ্ঠতা প্রদান ইত্যাদি) বাদ দিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিটি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, উর্দ্ধতন অফিস অর্থাৎ মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটের সেবাবক্সে আপলোড করতে হবে;


খ) 'সেবা প্রদান পদ্ধতি' কলামে সেবা প্রদানের পদ্ধতি সঠিকভাবে ও স্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে;

গ) 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান' কলামে কাগজপত্রের তালিকা বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে এবং প্রয়োজনীয় কাগজ/আবেদন/ফরম এর লিংক দিতে হবে;

ঘ) 'সেবা প্রদানের সময়সীমা' কলামে আবশ্যিকভাবে 'কর্মদিবস' বা 'কার্যদিবস' লিখতে হবে; দিন/মাস/নির্ধারিত সময় ইত্যাদি উল্লেখ করা যাবে না। তবে আইন বা বিধিমালায় উল্লেখ থাকলে সেক্ষেত্রে আইন/বিধির বিবরণসহ উল্লেখ করা যাবে;

ঙ) প্রতিটি দপ্তর/সংস্থাকে তাঁদের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করবে এবং তা উর্দ্ধতন অফিসকে জানাতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তের আলোকে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে স্ব দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করত: ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন এবং ভার্চুয়ালি যুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ.টি.এম. মোস্তফা কামাল)

অতিরিক্ত সচিব

ও

সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়